

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

www.rajshahieducationboard.gov.bd
রাজশাহীশিক্ষাবোর্ড.বাংলা



অফিস আদেশ

নম্বর-১৪৬/সংস্থাপন

তারিখ-২৩/০৪/২০২৫

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী'র প্রশাসনিক কর্মকর্তা মো: কবির হোসেন কে ১৯৫৯ সালের নির্ধারিত ছুটি বিধির ৩(১) (বি)(২) ধারা মোতাবেক সৌদি আরবে পবিত্র হজ পালনের জন্য ০৮/০৫/২০২৫ থেকে ২১/০৬/২০২৫ খ্রি. তারিখ পর্যন্ত মোট ৪৫ (পঁয়তাল্লিশ) দিন পূর্ণ গড় বেতনে বহিঃ বাংলাদেশ অর্জিত ছুটি মঞ্জুর করা হলো।

(ক) পবিত্র হজ/ছুটিকালীন সময়ের বেতন-ভাতা তিনি বাংলাদেশী মুদ্রায় পাবেন।

(খ) তার আলোচ্য ছুটি/ভ্রমণ কেবলমাত্র উল্লিখিত সময়ের জন্য বৈধ থাকবে।

(গ) তিনি নিজ খরচে পবিত্র হজ পালনের জন্য সৌদি আরবে গমন করবেন।

(ঘ) তার বৈধ পাসপোর্ট ও ভিসা থাকতে হবে।

উল্লিখিত ছুটি শেষে তাকে নির্ধারিত তারিখে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে যোগদান পত্র নিম্নস্বাক্ষরকারীর নিকট দাখিল করার জন্য বলা হ'ল। অন্যথায় তাকে অফিসে অনুপস্থিত বলে গণ্য করা হবে।

বি:দ্র: এ বোর্ডের প্রশাসনিক কর্মকর্তা মো: কবির হোসেন এর ছুটিকালীন সময়ে প্রশাসনিক কর্মকর্তা মো: তুরাব রসুল কে তার নিজ দায়িত্বসহ অতিরিক্ত দায়িত্ব পালনের জন্য নির্দেশ দেয়া হল।

চেয়ারম্যানের আদেশক্রমে

প্রফেসর ড. শামীম আরা চৌধুরী
সচিব

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী
ফোন নম্বর- ০২৫৮৮৮৫৬২৮৬

মো: কবির হোসেন
প্রশাসনিক কর্মকর্তা
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

স্মারক নম্বর-১৬৫.(৫)/৮ম-১৫৭/সংস্থাপন

তারিখ-২৩/০৪/২০২৫

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১. উপ-সচিব (প্রশাসন), রাজশাহী শিক্ষা বোর্ড
২. ইমিগ্রেশন অফিসার, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকা, বাংলাদেশ
৩. চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, রাজশাহী শিক্ষা বোর্ড (পত্রটি এ বোর্ডের ওয়েবসাইটে আপলোড করার জন্য)
৪. মো: তুরাব রসুল, প্রশাসনিক কর্মকর্তা, রাজশাহী শিক্ষা বোর্ড
৫. অফিস নথি

উপ-সচিব (প্রশাসন)
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী